

Official Spokesperson's response to a query from the media in the case of Shri KulbushanSudhirJadhav

July 08, 2020

শ্রী কুলভূষণ সুধির যাদব প্রসঙ্গে সংবাদ মাধ্যমের প্রশ্নের উত্তরে সরকারি মুখপাত্রের প্রতিক্রিয়া

জুলাই 08.2020

শ্রী কুলভূষণ সুধির যাদব প্রসঙ্গে সংবাদ মাধ্যমের প্রশ্নের উত্তরে, বিদেশ মন্ত্রকের মুখপাত্র শ্রী অনুরাগ শ্রীবাস্তব বলেছেন:

“শ্রী কুলভূষণ যাদবের কেসে আইসিজে-র রায়কে সম্পূর্ণ এবং কার্যকররূপে পালন করার জন্য আমরা কূটনৈতিক চ্যানেলের মাধ্যমে লাগাতারভাবে বলে আসছি। এই কেসে সংবাদ মাধ্যমে আজ পাকিস্তানের দেওয়া বিবৃতিতে আইসিজে-এর রায়কে আক্ষরিকঅর্থে কিন্তু আদর্শহীন ভাবে কার্যে পরিণত করার ক্ষেত্রে ধারাবাহিক মৌনতার ভান করার চেষ্টা করা হচ্ছে”।

তিনি বলেছেন, “ শ্রী যাদব, যিনি পাকিস্তানে কারারুদ্ধ হয়ে আছেন তিনি রিভিউ পিটিশন দাখিল করার উদ্যোগ নিতে রাজি হননি পাকিস্তানের এই দাবি, বিগত চার বছর ধরে পাকিস্তান যে প্রহসনের খেলা চালিয়ে যাচ্ছে এটি তারই ধারাবাহিকতার অংশ। একটি প্রাহসনিক বিচারের মাধ্যমে শ্রী যাদবকে মৃত্যুদন্ড দেওয়া হয়েছে। তিনি পাকিস্তানের সামরিক কারাগারে রয়েছেন। তার কেসটিকে পুনরায় বিবেচনা করার জন্য যাতে তিনি আবেদন করতে রাজি না হন তার জন্য স্পষ্টত তাকে বলপ্রয়োগ করে বাধ্য করা হয়েছে। অধ্যাদেশের প্রতিকারের আলোচনার জন্য ভারত শ্রী যাদবের সাথে অপ্রতিহতভাবে সাক্ষাৎ করতে চেয়েছে। অধ্যাদেশে প্রতিকারের ব্যবস্থার অপ্রতুলতা থাকা স্বত্বেও কাপুরুষোচিতভাবে বিপদ এড়ানোর নির্লজ্জ প্রচেষ্টায়, আইসিজে-র রায়কে কার্যে পরিণত করার ক্ষেত্রে তার অধিকারের চেষ্টাকে পরিত্যাগ করার জন্য শ্রীযাদবের উপরে পাকিস্তান অবশ্যই বলপ্রয়োগ করেছে”।

শ্রীবাস্তব এও বলেছেন, “পাকিস্তানের সামরিক আদালতের মৃত্যুদন্ডকে পুনরায় সমীক্ষা করার জন্য হাই কোর্টকে অনুমতি দেবার জন্য পাকিস্তান 20শে মে 2020 তারিখে একটি অধ্যাদেশ পাশ করেছে। তারা বরাবর বলে আসছে যে, তাদের আইনে কার্যকরি পর্যালোচনা এবং পূর্ণবিবেচনার অনুমতি রয়েছে কিন্তু আমরা বরাবর এর প্রতিবাদ করে আসছি। এখন, প্রায় একবছর বাদে তারা সম্পূর্ণ বিপরীত দিকে ঘুরে গিয়ে লোকদেখানো কিছু সমীক্ষার উপায় অবলম্বন করে অধ্যাদেশ জারি করেছে। আমরা ইতিমধ্যেই অধ্যাদেশের বিষয়বস্তু ও কিভাবে এটি আইসিজে-র রায়কে লঙ্ঘন করেছে সেই সম্বন্ধে আমাদের গুরুতর ভাবনার কথা ব্যক্ত করেছি। পাকিস্তান শুধুমাত্র প্রতিকারের একটি বিভ্রম তৈরি করার চেষ্টা করছে”।

শ্রী বাস্তুব আরো বলেন, “আমাদের বারংবার অনুরোধ স্বত্বেও, শ্রী যাদবের সাথে স্বাধীন এবং অবাধভাবে সাক্ষাতে পাকিস্তান ক্রমাগতভাবে ভারতকে বঞ্চিত করে যাচ্ছে। যেকোন রকমের পর্যালোচনা এবং পুনর্বিবেচনার মকদ্দমা পরিচালনে শ্রী যাদবের হয়ে উপস্থিত থাকার জন্য পাকিস্তানের বাইরের একজন আইনজীবিকে অনুমতি দেবার জন্য ভারত বারংবার অনুরোধ করেছে। পাকিস্তান একে অস্বীকার করেছে। 2017 সাল থেকে, যখন সামরিক আদালত একটি প্রাহসনিক বিচার করেছিল, এই কেসের এফআইআর, প্রামাণ্যনথি, আদালতের নির্দেশ, ইত্যাদি সহ কোন রকমের প্রাসঙ্গিক নথি হস্তান্তর করতে পাকিস্তান অস্বীকার করেছিল। স্পষ্টত পাকিস্তান, আইসিজে-র রায়ে সম্মত থাকার একটা মরীচিকা তৈরি করার চেষ্টা করে যাচ্ছে”।

পরিশেষে তিনি বলেন, “আইসিজে ইতিমধ্যে অভিমত পোষন করেছে যে, পাকিস্তান আন্তর্জাতিক আইনকে গুরুতরভাবে লঙ্ঘন করছে। সরকার শ্রীযদবকে রক্ষা করতে এবং তাকে নিরাপদে ভারতে ফিরিয়ে আনতে আপ্রাণ চেষ্টা চালিয়ে যাবে। সেই অবধি, ভারত সকল সঠিক উপায়গুলিকে বিবেচনার মধ্যে রাখবে”।

নিউ দিল্লি

জুলাই 08,2020

DISCLAIMER: This is an approximate translation. The original is available in English on MEA's website and may be referred to as the official press release.